

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৪৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَنْ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَيْسَ الْمُؤْمِنُ بِالطَّعَّانِ وَلَا بِاللَّعَّانِ وَلَا الْفَاحِشِ وَلَا الْبَذِيءِ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَالْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ». وَفِي أُخْرَى لَهُ «وَلَا الْفَاحِشِ الْبَذِيءِ». وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

বাংলা

৪৮৪৭-[৩৬] আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ একজন পূর্ণ মু'মিন তিরস্কার ও অভিসম্পাতকারী এবং অশ্লীল গালমন্দকারী ও অহঙ্কারী হতে পারে না। (তিরমিযী ও বায়হাকী'র "শু'আবুল ইমানে" বর্ণনা করেছেন।)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১৯৭৭, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩২০, সহীহ আল আদাবুল মুফরাদ ২৩৭, শু'আবুল ই'মান ৬৬৭৬, মুসনাদুল বাযযার ১৫২৩, আহমাদ ৩৯৪৮, মুসনাদে আবু ইয়া'লা ৫৩৭৯, আস্ সুনানুল কুবরা লিল বাযহাকী ২১৩১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (لَيْسَ الْمُؤْمِنُ بِالطَّعَّانِ) কোন পরিপূর্ণ মু'মিন মানুষের দোষ-ত্রুটি উল্লেখ করে কাউকে আঘাত করতে পারে না। (وَلَا بِاللَّعَّانِ) এবং লানাত বা অভিসম্পাতকারী হতে পারে না। (وَلَا الْفَاحِشِ) এবং অশ্লীলভাষী। (وَلَا الْبَذِيءِ) এবং অহঙ্কারী হতে পারে না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75571>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন